সমকাল

তারিখ 26 APR 2017
পৃষ্ঠা ২০ কলাম ৪

# সিলেটে স্কুলে 'বোমা'

■ সিলেট ব্যুরো

সিলেট নগরীর শাহি ঈদগাহ এলাকায় একটি ইংরেজি মাধ্যম শিক্ষা প্রতিষ্ঠানের সিঁড়ির নিচে 'বোমা' পাওয়া গেছে। গতকাল মঙ্গলবার সকালে স্কলার্সহোম স্কুলের ছয়তলা ভবনের নিচতলার বাঁ পাশের সিঁড়ির কাছে কালো পলিথিন ও লাল স্কচটেপ দিয়ে মোড়ানো বোমাসদৃশ 'বস্তু' দেখতে পাওয়া যায়। বেলা ১১টার দিকে পুলিশের পাশাপাশি খবর পেয়ে র‍্যাব-৯-এর সদস্যরা ঘটনাস্থলে এসে প্রাথমিক পরীক্ষা করে এটি বোমা বলে ধারণা করেন। এ অবস্থায় উদ্বিগ্ন অভিভাবকরা বাইরে জড়ো হতে থাকলে শিক্ষা প্রতিষ্ঠানে আটকেপড়া প্রায় দেড় হাজার শিক্ষার্থীকে ছুটি দেওয়া হয়। অন্যদিকে ঢাকা থেকে র‍্যাবের বোমা নিষ্ক্রিয়কারী টিমের সদস্যদের ডেকে পাঠানো হয়। রাতে এ রিপোর্ট লেখার সময় পর্যন্ত তারা এসে পৌঁছাননি। হাফিজ মজুমদার ট্রাস্টের অধীন এই শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত পড়ানো হয়। স্কলার্সহোমের অধ্যক্ষ ব্রিগেডিয়ার (অব.) জুবায়ের সিদ্দিকী সমকালকে বলেন, প্রতিদিনের মতো সকালে শিক্ষার্থীরা ক্লাসে

■ পৃষ্ঠা ১৫ : কলাম ১

# সিলেটে স্কুলে 'বোমা'

[শেষ পৃষ্ঠার পর]

প্রবেশের পর পরিচ্ছন্নকর্মীরা সিঁড়িসহ বিভিন্ন ফ্লোর পরিষ্কার করে। এ সময় তারা নিচতলায় কালো পলিথিন ও লাল ট্যাপ দিয়ে মোড়ানো একটি প্যাকেটের মতো বস্তু পড়ে থাকতে দেখে। এ অবস্থায় পরিচ্ছন্নকর্মীরা স্কুল কর্তৃপক্ষকে জানালে তাৎক্ষণিক র‍্যাব ও পুলিশকে বিষয়টি অবহিত করা হয়। তিনি বলেন, দুপুর সাড়ে ১২টার দিকে প্রতিষ্ঠান ছুটি ঘোষণা করে শিক্ষার্থীদের অভিভাবকের কাছে হস্তান্তর করা হয়। পুরো ভবনটি সিসি ক্যামেরা দিয়ে নিয়ন্ত্রিত উল্লেখ করে জুবায়ের সিদ্দিকী বলেন, স্কুলে ঢোকার সময় শিক্ষার্থীদের তল্লাশি করে ঢোকানো হয়। এত নিরাপত্তার মাঝে বোমাটি এখানে কীভাবে এলো, তা জানতে আইন-শৃঙ্খলা বাহিনী সিসিটিভির ফুটেজ পরীক্ষা করে দেখছে বলে জানান তিনি।

বিমানবন্দর থানার ওসি মোশাররফ হোসেন সমকালকে জানান, বোমা বিশেষজ্ঞ দলকে খবর দেওয়া হয়েছে। ঘটনাস্থলে র‍্যাব-৯-এর জ্যেষ্ঠ সহকারী পরিচালক (গণমাধ্যম) মাঈন উদ্দিন চৌধুরী জানান, প্রাথমিকভাবে পরীক্ষা করে বস্তুটি বোমা বলে নিশ্চিত হওয়া গেছে। দুপুর ২টার দিকে র‍্যাব-৯-এর উপ-অধিনায়ক মেজর জমশেদুর রহমান বলেন, বোমার বিষয়টি মোটামুটিভাবে নিশ্চিত হওয়া গেছে। প্রাথমিকভাবে র‍্যাবের বোমা নিষ্ক্রিয়কারী একটি দল পরীক্ষা করে দেখেছে, বস্তুটিতে থাকা সার্কিট কাজ করছে এবং তাতে তার লাগানো রয়েছে। এ অবস্থায় ঢাকা থেকে র‍্যাবের বোমা নিষ্ক্রিয়কারী টিমকে ডেকে পাঠানো হয়েছে। তারা আসার পর পরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর